



স্মারক নং- ৫২.০১.০৬৫১.০০০.০৪.০০১.২০-০৪২

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৮
২৯ জুলাই ২০২১

শুমারিকর্মী নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমে 'তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার' পদে নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে শুধুমাত্র বরিশাল সদর উপজেলা এর আওতাধীন ১০টি ইউনিয়ন এ স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/যুবতী এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বহস্তে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা (অভিজ্ঞতা)
০১)	সুপারভাইজার	প্রকল্পের ডিপিপি সংস্থান অনুযায়ী সম্মানি ভাতা প্রাপ্য হবেন	১) ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ বা সমমান হতে হবে। তবে স্নাতক উত্তীর্ণদের অভিজ্ঞতা বিবেচনায় অগ্রাধিকার প্রদান করা হবে। ২) এন্ডয়েড মোবাইল ফোন পরিচালনায় দক্ষ হতে হবে। ৩) Computer Assisted Personal Interview (CAPI) পদ্ধতিতে বিবিএস কর্তৃক পরিচালিত জরিপে অংশগ্রহণকারীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। ৪) সংশ্লিষ্ট মৌজা/গ্রামে বসবাসকারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
০২)	তথ্যসংগ্রহকারী	ঐ	১) ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ বা সমমান হতে হবে। ২) এন্ডয়েড মোবাইল ফোন পরিচালনায় দক্ষ হতে হবে। ৩) Computer Assisted Personal Interview (CAPI) পদ্ধতিতে বিবিএস কর্তৃক পরিচালিত জরিপে অংশগ্রহণকারীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। ৪) সংশ্লিষ্ট মৌজা/গ্রামে বসবাসকারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

শর্তাবলী:

- নির্ধারিত আবেদন ফরম বরিশাল সদর উপজেলা এর ওয়েবসাইট (www.barisalsadar.barisal.gov.bd) এবং উপজেলা পরিসংখ্যান অফিস, বরিশাল সদর এর ওয়েবসাইট (www.bbs.barisalsadar.barisal.gov.bd) হতে ডাউনলোড করা যাবে। এছাড়াও বরিশাল সদর উপজেলাধীন ১০ টি ইউনিয়ন এর ইউনিয়ন ডিজিটাল সেন্টার এ আবেদন ফরম পাওয়া যাবে।
- মূল শুমারি (২৫-৩১ অক্টোবর, ২০২১) কার্যক্রমের সময় মোট ০৭ (সাত) দিন। প্রতি তথ্যসংগ্রহকারী নির্দিষ্ট গণনা এলাকা উক্ত ০৭ (সাত) দিনে কম-বেশি ১২০-১৫০ খানার তথ্য সংগ্রহ করবেন এবং মূল শুমারি পূর্ববর্তী ০২ দিন সংশ্লিষ্ট গণনা এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক সকল খানা তালিকাভুক্ত করবেন।
- মূল শুমারি কালীন সময়ে প্রতি সুপারভাইজার কমপক্ষে ৫-৬ জন তথ্যসংগ্রহকারীর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ ও মূল শুমারি পূর্ববর্তী খানা তালিকাভুক্তকরণ কাজ সরেজমিনে পরিদর্শন পূর্বক তদারকি করবেন।
- মূল শুমারি মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে (যার এন্ডয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব ও স্ক্রীন-সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি) এবং এন্ডয়েড মোবাইল ফোন পরিচালনায় দক্ষ প্রার্থীগণই শুধু আবেদন করতে পারবেন।
- কেবল মাত্র বেকার যুবক/যুবতী এবং ছাত্র/ছাত্রীগণ শুমারিকর্মী হিসেবে আবেদন করতে পারবেন। চাকরির কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- ০১/০৬/২০২১ তারিখে তথ্যসংগ্রহকারীর বয়স ১৮-৩৫ বছর এবং সুপারভাইজারের বয়স ২৩-৪০ বছর মধ্যে হতে হবে। (তবে শর্তাবলী পূরণসাপেক্ষে বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন জরিপ কাজে অংশগ্রহণকারীগণের ক্ষেত্রে প্রার্থীর বয়স শিথিলযোগ্য।)
- মূল শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত থাকতে পারবেন না।
- নিয়োগের শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রয়োজ্যক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ইতিপূর্বে যেসকল প্রার্থী তালিকাধারী ও সুপারভাইজার হিসেবে নির্বাচিত হয়েছেন তারা মূল শুমারিতে তথ্যসংগ্রহকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন (প্রার্থীদের আগ্রহ এবং বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে)। তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।
- নির্বাচিত তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারগণ আবশ্যিকভাবে নিজস্ব স্মার্টফোন ব্যবহার করে ই-ট্রেনিং এ অংশগ্রহণ করবেন এবং ই-ট্রেনিং এ সফল হলেই কেবল মূল শুমারিতে চূড়ান্তভাবে মনোনিত হবেন।
- তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারগণের সম্মানি ভাতাদি বিকাশ হিসাবের মাধ্যমে পরিশোধ করা হবে বিধায় যোগাযোগের মোবাইল নম্বর এ আবশ্যিকভাবে সচল বিকাশ হিসাব থাকতে হবে।
- আবেদনপত্রের খামের উপর পদের নাম, নিজ ইউনিয়নের নাম, সচল বিকাশ হিসাবসহ মোবাইল নম্বর এবং মৌজার/গ্রামের নাম উল্লেখপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ১৭/০৮/২০২১ তারিখের মধ্যে বরাবর উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা পরিষদ (খানা কাউন্সিল), সিএন্ডবি রোড, বরিশাল সদর, বরিশাল এর নির্দিষ্ট বাঞ্চে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। উল্লেখিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবেনা।
১৪. ১৭/০৮/২০২১ তারিখের মধ্যে যথানিয়মে আবেদনপত্র দাখিলকারীগণের বাছাই পরীক্ষা স্বাস্থ্যবিধি মেনে নিম্নোক্ত ইউনিয়ন ও তারিখে সকাল ৯:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বরিশাল সদর, বরিশাল -এ অনুষ্ঠিত হবে।
ক) রায়শাশা কড়াপুর, কাশীপুর, চরবাড়িয়া, শাম্বেজাবাদ ও চরমোনাই :২০/০৮/২০২১ খ্রি.
খ) জাগুয়া, চরকাউয়া, চাঁদপুরা, টুলিবাড়িয়া ও চন্দ্রমোহন :২১/০৮/২০২১ খ্রি.
১৫. মূল শুমারির জন্য নির্বাচিত তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও বরিশাল সদর উপজেলা, উপজেলা পরিসংখ্যান অফিস, বরিশাল সদর এবং ইউনিয়ন পরিষদের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
১৬. তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত উপজেলা শুমারিকর্মী নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ মুনিবুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
শুমারিকর্মী নির্বাচন কমিটি
বরিশাল সদর, বরিশাল।